Made with Xodo PDF Reader and Editor

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৩.২৩.০০১.২৩- ৫৭৭

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

**বিষয়: 'বিশ্ব হাত ধোয়া দিবস-২০২৫' উদ্‌যাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধানে দেশব্যাপী স্যানিটেশন ও হাত ধোয়া বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১৫ অক্টোবর তারিখে "বিশ্ব হাত ধোয়া দিবস" উদ্‌যাপন করা হয়। Global Hand Washing Day (GHWD) বা "বিশ্ব হাত ধোয়া দিবস" জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত একটি আন্তর্জাতিক দিবস, যা ২০০৮ সাল থেকে বাংলাদেশসহ বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে। বিগত বছরের ন্যায় এবছরও দিবসটি যথাযথ গুরুত্বের সাথে ব্যাপক পরিসরে দেশব্যাপী পালন করা হবে।

০২। কোভিড-১৯, ডায়রিয়া, কলেরা ও অন্যান্য পানিবাহিত রোগসহ বিভিন্ন মহামারী মোকাবেলায় নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়া রোগ প্রতিরোধ ও জীবন বাঁচানোর সহজ, কার্যকরী এবং সাশ্রয়ী উপায় হিসেবে চিহ্নিত হয়েছে। স্বাস্থ্য সচেতনতায় দিবসটির গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান বিশেষত বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের হাত ধোয়ায় উৎসাহিত করা হলে দিবসটির তাৎপর্য বৃদ্ধি পেতে পাবে। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে "Be a Hand Washing Hero" অর্থাৎ "হাত ধোয়ার নায়ক হোন"।

০৩। এ বছরের 'বিশ্ব হাত ধোয়া দিবস-২০২৫' এর মূল কর্মসূচি বনানী বিদ্যানিকেতন স্কুল ও কলেজ, ঢাকায় আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ১৫ অক্টোবর সকাল ১০.০০ টায় দিবসটির উদ্বোধন করা হবে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটির উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৪। এমতাবস্থায়, ১৫ অক্টোবর ২০২৫ তারিখে 'বিশ্ব হাত ধোয়া দিবস ২০২৫' উপলক্ষে দেশের প্রতিটি বিদ্যালয়ে হাত ধোয়ার প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণাঢ্যভাবে আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/১০/২৫

মো: জাকির হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫১১৬০৩
ইমেইল: lgws1@lgd.gov.bd

বিতরণ:

১। জেলা প্রশাসক .................. (সকল জেলা)
২। উপজেলা নির্বাহী অফিসার.................. জেলা, ............... উপজেলা।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৩.২৩.০০১.২৩-৫৭৭/১(৭)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৩। যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। অফিস কপি/মাস্টার কপি

১২/১০/২৫

মো: জাকির হোসেন
সিনিয়র সহকারী সচিব

E:\পাস-১\হাতধোয়া দিবস\২০২৫\ চিঠি.docx-7